দৈনিক ইত্তেফাক

15

তারিখ ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫ ...

## ঢাকা বিশ্ববিদ্যালয়ের ঘটনা তদন্তের জন্য কমিশন গঠন

সরকার গত ২৫শে ফেব্রুয়ারী ঢাকা বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে সংঘটিত ঘটনাবলীর সুষ্ঠু তদন্তের জন্য এক সদস্যবিশিষ্ট একটি তদন্ত কমিশন গঠন করিয়াছেন। বাংলা-

(১১শ পৃঃ দ্রঃ)

## ঢাকা বিশ্ববিদ্যালয়

(১ম পৃঃ পর)

দেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট ডিভিশনের মাননীয় বিচারপতি আবদুল জলিলকে নিয়া এই কমিশন গঠন করা হয়।

কমিশনের কাজ হইবে কোন অবস্থার পরিপ্রেক্ষিতে গত ২৫শে ফেব্রুয়ারী ঢাকা বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে দুঃখজনক ঘটনার অবতারণা ঘটে যাহার ফলশ্রুতিতে একজন ছাত্র নিহত, একজন গুলীবিদ্ধ হইয়া আহত এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর আক্রান্ত ও আহত হন, তাহা নির্ণয় করা; ঐ হত্যাকাণ্ড ও অন্যান্য পরিস্থিতি সৃষ্টির জন্য কাহারা দায়ী, তাহা নির্ণয় করা। ভবিষ্যতে এ ধরনের পুনরাবৃত্তি রোধে কার্যকর ব্যবস্থার সুপারিশ প্রদান করা এবং অন্যান্য প্রাসংগিক বিষয়।

কমিশনকে ৪৫ দিনের মধ্যে সুপারিশসহ প্রতিবেদন পেশ করিতে বলা হইয়াছে। —তথ্য বিবরণী।